

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮৮৯

করবুক, ২৯ নভেম্বর, ২০২৩

**করবুক ব্লকভিত্তিক যুব উৎসব উদযাপন**

করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে সম্পত্তি যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং করবুক ব্লকের মৌখিক উদ্যোগে করবুক ব্লক ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। এই উৎসবের উদ্বোধন করেন বিধায়ক সঞ্চয় মানিক ত্রিপুরা। উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, যুবক যুবতীদের সুপ্তি প্রতিভাকে অন্বেষণের ক্ষেত্রে এই যুব উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা প্রাপ্ত করে। সুস্থ সংস্কৃতি বিকাশেও এই যুব উৎসব অপরিসীম ভূমিকা পালন করে। অনুষ্ঠানে যুব উৎসবের গুরুত্ব নিয়ে আলোচনা করেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা, মহকুমা পুলিশ আধিকারিক গম্ভীর রিয়াৎ, ডিসিএম অরজিই দেববর্মা, সমাজসেবী অতীন্দ্র রিয়াৎ, ভাস্কর ভট্টাচার্য প্রমুখ। উপস্থিতি ছিলেন করবুক ব্লকের অতিরিক্ত বিডিও রন্তোষ কুমার দেব, বিদ্যালয় পরিদর্শক দামোদর ত্রিপুরা, করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক প্রেমারঞ্জন চাকমা প্রমুখ। যুব উৎসবে শিল্পীগণ সমবেত লোকসংগীত, সমবেত লোকনৃত্য, একক সংগীত, আবৃত্তি, গল্প লেখা, পোস্টার লেখা, ফটোগ্রাফি, হস্তকারণ, বয়ণ, কৃষিপণ্য ও খেলাধূলা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা হতেশ শীল।

\*\*\*\*\*